

এক নজরে

৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ অনুসারে সকল সরকারি কর্মচারীর জন্য বুনিয়াদি প্রশিক্ষণ বাধ্যতামূলক। সুশাসন, অফিস ব্যবস্থাপনা এবং বিভিন্ন উন্নয়ন ইস্যুতে প্রশিক্ষণার্থীরা মৌলিক জ্ঞান অর্জন করে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করবে, এই উদ্দেশ্য সাধনে অত্যন্ত সতর্কতার সহিত প্রশিক্ষণের বিষয়াদি প্রণয়ন করা হয়েছে। ব্যক্তিত্ব গঠন, সৃষ্টিশীলতায় উৎসাহ দান এবং কর্মকর্তাদের মনে নেতৃত্ব প্রদানের যোগ্যতা তৈরি করাই প্রশিক্ষণ কোর্সের মূল উদ্দেশ্য। এছাড়া দেশের আর্থ-সামাজিক উন্নয়নের বহুমাত্রিকতার সাথে প্রশিক্ষণার্থীদের পরিচিত করানোর সুযোগ প্রদানসহ প্রশাসনিক কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদানও এই প্রশিক্ষণের উদ্দেশ্য।



উদ্দেশ্য:

- টেকসই উন্নয়ন অভিষ্ট, স্মার্ট বাংলাদেশ, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ, শ্রেষ্ঠিত পরিকল্পনা ২০৪১ এবং পরিবর্তনশীল বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ ও জ্ঞানভিত্তিক গণকর্মচারী গড়ে তোলা;
- সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর বাস্তব সমস্যা নিরূপণ, আত্মস্থকরণ এবং সমাধানের উদ্যোগ গ্রহণ;
- উন্নত ও স্মার্ট অফিস ব্যবস্থাপনার দক্ষতা ও কৌশল রপ্তকরণ;
- শ্রমসাধ্য পেশাদারিত্বের সাথে খাপ খাওয়ানোর নিমিত্ত কর্মকর্তাদের শারীরিক ও মানসিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

সমাজসেবা অধিদপ্তরধীন নবম খেডের ৩৪ জন সমাজসেবা অফিসার/ সমমান কর্মকর্তা নিয়ে জাতীয় সমাজসেবা একাডেমি ২১ জানুয়ারী, ২০২৪ তারিখ থেকে ২১ মার্চ, ২০২৪ তারিখ পর্যন্ত মোট ৬০ (ষাট) দিনব্যাপী ৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়েছে। অংশগ্রহণকারী সকল কর্মকর্তা বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক ননক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত হয়ে সমাজসেবা অধিদপ্তরে যোগদান করেন যার মধ্যে ২০১৯ ও ২০২১ সালে যথাক্রমে ৩৭তম ও ৩৯তম বিসিএস থেকে ৩৪ জন কর্মকর্তা আছেন। উল্লিখিত কর্মকর্তাগণ ১০ দিনের ওরিয়েন্টেশন প্রশিক্ষণ শেষে নিজ কর্মস্থলে যোগদান করেন।

৫৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মডিউল অনুযায়ী ৬০ দিনের মধ্যে মোট ১৮০ ঘণ্টার তাত্ত্বিক সেশন রাখা হয়েছে। এছাড়া ০৪ দিনব্যাপী মাঠ সংযুক্তি, ব্যক্তিগত এ্যাসাইনমেন্ট রিপোর্ট, ইমপ্ল্যান্ট স্ট্যাডি রিপোর্ট, পুস্তক পর্যালোচনা, ফিল্ম পর্যালোচনার মাধ্যমে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন আঙ্গিকে লব্ধ জ্ঞান উপস্থাপন করেছেন যা তাঁদের চাকুরি জীবনে সহায়ক হবে। সর্বোপরি লিখিত পরীক্ষা, ক্লাস টেস্ট, মৌখিক পরীক্ষা, নিয়মিত শরীরচর্চা সেশন, ইনডোর ক্রীড়া প্রতিযোগিতা ও ইনোভেশন প্রস্তাবনা এবং প্রতিবেদন উপস্থাপনের ভিত্তিতে সর্বমোট ১০০০ নম্বরে প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন করা হয়েছে। সাংস্কৃতিক কর্মকর্তাদের অংশ হিসেবে মেস নাইটের আয়োজন করে প্রশিক্ষণার্থীগণ নিজেদের প্রতিভা বিকশিত করার চেষ্টা করেছেন।



জাতীয় সমাজসেবা একাডেমি
সমাজসেবা অধিদপ্তর
সমাজকল্যাণ মন্ত্রণালয়
www.nass.gov.bd

ই-৮/বি-১, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: +৮৮০২-৫৫০০৭০২১
+৮৮০২- ৫৫০০৭২৮১